2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रूपये TWO THOUSAND RUPEES

... under Regn. ... stamped under the Indian Stamp Act 1899 as amended by ... III of 1922 and section ... of the Calcutta Improvement Act, 1911 ...

... No 33 ... Paid under the Stamp ... Indian Stamp Act, 1899 as Amended in 1976 Rs 2000/-

Additional duty paid under the Calcutta Improvement Act 1911 Rs 400 Excess ... Total Rs 2400/-

D.H = Bodin E. Gill

A 209.00
H 28.00
mb) 4.00
241/-

দানপত্র দলিল -

দানকৃত সম্পত্তির মূল্য ২০,০০০/- টাকা

দানপত্র গ্রহীতা :-

শ্রী সত্যরঞ্জন সাহা
পিতা মৃত চিন্তাহরণ সাহা
জাতি- হিন্দু, পেশা - ব্যবসা,
সাকিন- ১৮-এ কালিকুমার মজুমদার রোড, থানা - কসবা , কলিকাতা- ৭৫,
জেলা - ২৪ পরগণা ( দক্ষিণ )।

দানপত্র দাত্রী :-

শ্রীমতী বিদেশীনি সাহা
স্বামী - মৃত চিন্তাহরণ সাহা,
জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী,
সাকিন - ১৮-একালিকুমার মজুমদার রোড, থানা - কসবা, কলিকাতা- ৭৫,
জেলা - ২৪ পরগণা (দক্ষিণ )।

কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত দুই কাঠাআড়াই ছটাক -

65 15

200Rs.






দুইকাঠা আড়াই ছটাক পরিমিত বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত পুরাতন এ্যাসবেস্টার ছাউনি যুক্ত পাকা গৃহাদি মায় তদসংলগ্ন উত্তর দিকস্থ বহালী কমন প্যাসেজের উপরিস্থিত সর্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে : -

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা সাবেক সদর টালিগঞ্জ থানা কসবা সাব রেজিষ্ট্রী অফিস আলিপুর এবং [illegible]না কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের যাদবপুর সন্তোষপুর নামক গ্রামে অত্র জেলা কালেকটারির - ১৫১ নং তৌজি ভুক্ত পরগণা খাসপুর, রে: সা: নং ১৮, জে: এল : নং ২২ , মৌজা সন্তোষপুর গ্রামে হাল জেলা জরিপে ৫২ নং খতিয়ানে লিখিত ৩০৭ নং দাগের অন্তর্গত পনের

66

200Rs.

INDIA NON JUDICIAL

२०० रु.

Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

( ৩ )

~~পনের~~ ———— বাস্তু ... জমি মায় তদপরিস্থিত পাকা গৃহাদি সহ সম্পত্তি জনৈক বিপিন বিহারী ঘোষ দিগের ভোগ দখলীয় সম্পত্তি থাকে এবং উক্ত বিপিন বিহারী ঘোষ দিগের উক্ত সম্পত্তিতে যে যেভাবে ভোগ দখলীকার থাকা অবস্থায় একযোগে বিগত ৪।৪।১৯৫১ তারিখে আমার বায়া শ্রীযুক্ত অহি ভূষণ কুণ্ডু এবং যামিনী সুন্দরী কুণ্ডুকে উপযুক্ত পণ মূল্যে বিক্রয় করিয়া স্বত্ব দখলীচ্যুত হয়েন। উক্ত বিক্রয় কোবালা দলিল খানি আলিপুর সদর জয়েন্ট সাব রেজেষ্টি অফিসে ১৯৫১ সনের বহি নং ১, ভলুম নং ২০ পাতা ৮২ -- ৮৬ , দলিল নং ৭৫১ রূপে চূড়ান্ত ভাবে লিপিবদ্ধ আছে ও হইতেছে। তৎপর আমার বায়া এবং তাহার অপর শরিক যামিনী সুন্দরী কুণ্ডু উক্ত জমি জমা এজমালে ভোগ দখলীকার থাকা অবস্থায় নানারূপ অসুবিধা বিবেচনায়

বিবেচনায় তাহাদিগের উক্ত সৃত্ব দখলীয় খরিদা সম্পত্তি আপোষ বিভাগ বন্টন মত মতে নিজ নিজ অংশ নির্দিষ্ট সীমানা চিহ্নিত করিয়া লয়েন এবং আমার বায়া শ্রীযুক্ত অহি ভূষণ কুন্ডু তাহার প্রাপ্ত ৩ ৮/২৯ তিন কাঠা তের ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট ভূমি খন্ডে গৃহাদী নির্মান করিয়া খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় আমি অত্র দানপত্র দাত্রীকে তাহার সৃত্ব দখলীয় তিন কাঠা তের ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট জমি জমা মায় তদ্পরিস্থিত গৃহাদি আমাকে উপযুক্ত পণ মূল্যে বিক্রয় করিয়া সৃত্ব দখলীচ্যুত হয়েন। উক্ত দলিল খানি আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে বহি নং ১ , ভল্যুম নং ৯৩, পাতা ৩৭ - ৪২ , দলিল নং ৪২৯৪ ইংরাজী ১৯৬৮ । ১৯৬৮ চূড়ান্ত ভাবে লিপিবদ্ধ আছে ও হইতেছে । আমি অত্র দানপত্র দাত্রী উক্ত রূপে উক্ত তিন কাঠা তের ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট বাস্তু জমি জমা মায় গৃহাদি উক্ত দলিল বলে আপন স্ত্রীধন অর্থে খরিদ করিয়া এযাবৎকাল অন্যের নিরাংশে একক ষোল আনা ভোগ বতী ও দখলকারিনী আছি ও হইতেছি ।

প্রকাশ থাকে যে অত্র দানপত্র দলিলে উল্লিখিত গ্রহীতা তুমি আমার তৃতীয় পুত্র হইতেছ । তুমি আমার প্রতি যথেষ্ঠ সেবা যত্নে ব্রতি আছ ও হইতেছ। আমি তোমার সেবা যত্নে অত্যান্ত প্রীত হইয়াছি। তুমি যাহাতে জীবনে কোনরূপ অভাব অভিযোগের সম্মুখীন না হও এবং স্ত্রী পুত্রাদি লইয়া আমার সৃত্ব দখলীয় উক্ত রূপে খরিদা তিন কাঠা তের ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট জমি জমার অন্দরে দুই কাঠা আড়াই ছটাক পরিমিত কৃত চিহ্নিত মতে বাস্তু জমি জমা মায় তদ্পরিস্থিত

তদ্‌ পরিস্থিত গৃহাদিতে পরম সুখে বসবাস কর সেকারনে আমি আমি অত্র দানপত্র দাত্রী তোমাকে উহা নি:স্বর্ত দান করিলাম । এবং অত্র দানকৃত সম্পত্তিতে তোমাকে খাস দখল প্রদান করিলাম। তুমি অত্র দানপত্র দলিল মূলে আমার স্বত্ব দখলীয় দুই কাঠা আড়াই ছটাক পরিণিত বাস্তু জমি জমা মায় তদ্‌ পরিস্থিত গৃহাদিতে একক মালিক ও দখলীকার হইয়া ও থাকিয়া স্থানীয় পঞ্চায়েত অফিসে এবং সরকারী সেরেস্তায় নিজ নাম পত্তন পূর্বক দান বিক্রয় বন্ধকাদি সর্ব প্রকার হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করনের সর্ব প্রকার অধিকার যুক্তে ভোগ দখল করিতে থাকিবে। তাহাতে আমি মায় আমার কোন ওয়ারিশানগণ বা স্থলাভিষিক্তগণ কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্বদা সর্বাদালতে নামাঞ্জুর বা বাতিল বলিয়া গন্য হইবে ।

প্রকাশ থাকে যে অত্র দানকৃত সম্পত্তি কৃত চিহ্নিত মতে নক্সা বা প্ল্যান প্রস্তুত করিয়া অত্র সাথ দলিলে সংযোজিত হইল এবং উহা লাল রঙের সীমারেখা দ্বারা বিশেষ ভাবে প্রদর্শিত হইল এবং উক্ত প্ল্যান বা নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ।

প্রকাশ থাকে যে আমার সমুদয় সম্পত্তির দক্ষিনাংশে দুই কাঠা আড়াই ছটাক পরিমিত বাস্তু জমি জমা মায় তদ্‌ পরিস্থিত পাকা গৃহাদি তোমাকে অত্র দলিল বলে নি:শর্তে দান করিয়া বক্রী এক কাঠা সাড়ে দশ ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট বা উত্তরাংশে অবস্থিত আমার স্বত্ব দখলীয় রহিল । এবং আমার

এবং আমার উক্ত স্বত্ব দখলীয় সম্পত্তির মধ্য দিয়া উক্ত প্ল্যানে প্রদর্শিত ভাবে কমন প্যাসেজ যাহা বহাল আছে তাহা তুমি অত্র দানপত্র গ্রহীতা ওয়ারিশানগণ ক্রমে বিনা বাধায় ব্যবহার করিতে পারিবে তাহাতে কেহ কোন প্রকার ওজরাপত্তি দাবী দাওয়া করিতে পারিবেক না করিলেও তাহা সর্বদা সর্বাদালতে নামাঞ্জুর বলিয়া গন্য হইবে এবং আরও প্রকাশ থাকে যে অত্র দানকৃত সম্পত্তি সমুদয় সম্পত্তি আমি অত্র দানপত্র দাত্রী আপন স্ত্রীধন অর্থে উক্ত রূপে খরিদ করিয়া গৃহাদি নির্মান পূর্বক খাসে ভোগবতী ও দখলিকারিনী আছি ও হইতেছি । আমার অত্র সম্পত্তি দান করিবার সম্পূর্ণ অধিকার আছে ও হইতেছে ।


প্রকাশ থাকে যে, অত্র দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে ও হইতেছে। আমি ইতিপূর্বে উক্ত সম্পত্তি কোন প্রকার দান বিক্রয় বন্ধকাদির দ্বারা আবদ্ধ করি নাই বা উহা হস্তান্তরের নিমিত্ত কোন প্রকার মৌখিক বা লিখিত কোন চুক্তি করি নাই। উহা কোন প্রকার দেনার দায়ে ক্রোক বদ্ধ বা দায়বদ্ধ নহে। অত্র দানপত্র দলিল বলে আমি অত্র দানকৃত সম্পত্তি হইতে চিরতরে স্বত্ব দখলীচ্যুত হইলাম এবং উহা তোমাতে সম্পূর্ণ রূপে বর্শাইল বা বর্তাইল।

অত্র দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ২০,০০০।- কুড়ি হাজার টাকা ষ্ট্যাম্পের উদ্দেশ্যে ধৃত হইল ।

এতদার্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সরল ম অন্তকরনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের সকল অংশ পাঠ করিয়া ও করাইয়া তাহার মর্ম সম্যক অবগত হইয়া অদ্য তারিখে নিঃশত্ব দানপত্র দলিলে সহি সম্পাদন দ্বারা রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি সন ১৯৮৮ ২৫শে জুলাই মোতাবেক বাংলা ১৩৯৫ সন ১০ই শ্রাবণ

# SITE PLAN

PLAN OF A PLOT OF C.S. DAG NO 307 (PORN.) KHATIAN NO 52.
OF MOUZA- SANTOSHPUR J.L. NO 22. P.S. KASBA DT. 24 PARGANA
UNDER THE CALCUTTA MUNICIPAL CORPORATION (UNIT JADAV
SCALE 20FT = 1" INCH. CONVEYED AREA BOUNDED BY RED
BOUNDARY. AREA - 2K 2CH 22 SFT. (OUT OF LAND 3K-13CH 29 SFT)
PORN. OF C.S. DAG NO. 307.




DRAWN BY
S.C. PAUL, SURVEYOR
SANTOSH PUR
CAL-75

( ৭ )

দানকৃত সম্পত্তির তপশীল ও উহার চৌহদ্দি -

শ্রীমতি বিদেশিনী সাহা

জেলা ২৪ পরগণা দক্ষিন সাবেক থানা সদর টালিগঞ্জ হাল কসবা, সাব রেজেষ্ট্রি অফিস আলিপুরের অন্তর্গত অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৪ নং ওয়ার্ডভুক্ত ১৮-এ কে, কে মজুমদার রোড হোল্ডিং ভুক্ত অত্র জেলা কালেকটারির ১৫১ নং তৌজি ভুক্ত পরগণা খাসপুর , রে: সা: নং ১৮ , জে : এল : নং ২২ মৌজা সন্তোষ পুর গ্রামে হাল রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে ৫২ নং খতিয়ানে লিখিত ৩০৭ তিনশত সাত নং দাগস্থিত আমার খরিদা তিন কাঠা তের ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট জমি জমার অন্দরে দুই কাঠা আড়াই ছটাক পরিমিত বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত পুরাতন পাকা গৃহাদি মায় তৎসংলগ্ন নক্সায় দর্শিত উত্তর দক্ষিণ দিক আংশিক কমন ২½ আড়াই ফুট রাস্তা উপরিস্থিত ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দানকৃত সম্পত্তি হইতেছে ।

উহার চৌহদ্দি -

উত্তরে : দাগ নং ৩০৭ দাত্রীর ও বাটির অংশ ,।

দক্ষিনে : দাগ নং ৩০৭

পশ্চিমে: শ্রী সন্তোষ সরকার দাগ নং ৩০৭।

পূর্বে : বিধুভূষণ কুন্ডু শ্রীমতি বিদেশিনী সাহা

আমি শ্রদ্ধার সহিত অত্র দানকৃত সম্পত্তি গ্রহণ করিলাম ও দখল বুঝিয়া পাইলাম ।

শ্রী ... সাহা

মুশাবিদাকারক :

Ramada Kanta Roy

এ্যাডভোকেট ,

আলিপুর, পুলিশ কোর্ট। কলি- ২৭।

ইসাদী -

১। শ্রীমতি কনা কুন্ডু স্বামী - দিলীপ কুমার কুন্ডু, ১৮ বি, কে. কে. মজুমদার রোড, ...

২। পূর্ণিমা সাহা রায় - স্বামী মধুসূদন সাহা রায় - এ/৮৬, এল, এন, কলোনী থানা - যাদবপুর -

৩। স্মৃতি কণা সাহা - স্বামী চন্দন সাহা। গ্রাম - মানিকপুর, থানা - সোনারপুর ...

৪। Chitta Ranjan Saha. S/o Late Chinta Haran Saha. 9, Lake Terrace. Santoshpur. Cal - 75.

টাইপকারক -

বাসুদেব পুরকাইত

বাসুদেব পুরকাইত

আলিপুর, পুলিশ কোর্ট

কলিকাতা - ২৭ ।